

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায়
ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ : ১১/০৬/২০২৪ খ্রি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে লালমাটিয়া সরকারি মহিলা কলেজে ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকা ১১ জুন ২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টায় জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত হবে। উক্ত ফলাফল SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নাম্বরে send করতে হবে) এর মাধ্যমে একই দিন বিকাল ৪টা থেকে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছুক শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২৬ জুন ২০২৪ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ভর্তি বাতিল করতে হবে। ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে পারবে না।

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ১ম রিলিজ স্লিপের মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক্রমিক	বিবরণ	তারিখ
১	১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ:	১১/০৬/২০২৪ থেকে ২৭/০৬/২০২৪
২	জাতীয় বিশ্ববিদ্যালয়ে ওয়েব সাইট থেকে ভর্তি ফরম পূরণ করার পর শিক্ষার্থীদেরকে কলেজের প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে বিষয় ভিত্তিক নির্ধারিত কাউন্টারে উপস্থিত হয়ে বিল সংগ্রহ করে কলেজ ক্যাম্পাসে অবস্থিত আইএফআইসি ব্যাংকের কালেকশন বুথে টাকা জমা দিয়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উপরোক্ত প্রক্রিয়ায় ভর্তির টাকা জমা দেয়ার তারিখ:	১২/০৬/২০২৪ থেকে ৩০/০৬/২০২৪

বিশেষ দৃষ্টব্য: ভর্তি ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে ডাউনলোডকৃত) ছাড়া কোন ক্রমেই ভর্তি হওয়া যাবে না।

☐ ভর্তির সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে :

- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি ও ফটোকপি।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি।
- অনার্স ভর্তি ফরম ও প্রাথমিক আবেদন ফরমের মূল কপি।
- কোটার যাবতীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি।

☐ ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস চলছে।

✓
অধ্যক্ষ
১১/০৬/২০২৪

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


১১/০৬/২৪

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭


অনার্স ১ম বর্ষ শিক্ষার্থীদের ভর্তির সময় পরিশোধ করতে হবে (জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ফিসহ):

ক্রমিক নং	খাতের নাম	বিএ/বিএসএস/বিবিএ	বিএসসি
১.	ভর্তি ফি	২৫/-	২৫/-
২.	বেতন (২৫ × ১২)	৩০০/-	৩০০/-
৩.	বিশ্ববিদ্যালয় ফি (রেজিস্ট্রেশন ফি-৫০০, ক্রীড়া ও সংস্কৃতি ফি-৫০, বিএনসিসি ফি-৫, রোভার স্কাউট ফি-১০)	৫৬৫/-	৫৬৫/-
৪.	রেঞ্জার ফি (কলেজ)	৪০/-	৪০/-
৫.	রোভার স্কাউট ফি (কলেজ)	১৬/-	১৬/-
৬.	সাহিত্য ও সংস্কৃতি ফি	৫০/-	৫০/-
৭.	ম্যাগাজিন ফি	৩০/-	৩০/-
৮.	মসজিদ তহবিল ফি	৫০/-	৫০/-
৯.	ধর্মীয় অনুষ্ঠান ফি	৩০/-	৩০/-
১০.	অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম ফি	৪০/-	৪০/-
১১.	বহি: ক্রীড়া ফি	৫০/-	৫০/-
১২.	কল্যাণ তহবিল/দরিদ্র তহবিল ফি	২০/-	২০/-
১৩.	টিকিৎসা ফি	২০/-	২০/-
১৪.	পরিচয় পত্র ফি (৪ বছরের জন্য)	১২০/-	১২০/-
১৫.	রেড ক্রিসেন্ট ফি	২০/-	২০/-
১৬.	লাইব্রেরী ফি	২৫/-	২৫/-
১৭.	অধিভুক্তি ফি	৫০/-	৫০/-
১৮.	উন্নয়ন তহবিল ফি	২০০/-	২০০/-
১৯.	অত্যাবশ্যকীয় ব্যয়	১০০০/-	১০০০/-
২০.	বিবিধ	১০০/-	১০০/-
২১.	আইসিটি ফি	২০/-	২০/-
২২.	বিজ্ঞান ক্লাব ফি	২০/-	২০/-
২৩.	ব্যবস্থাপনা ফি	৫০/-	৫০/-
২৪.	ল্যাবরেটরী ফি	-	১০০/-
২৫.	ডিজিটাল কার্যক্রম	৪০০/-	৪০০/-
২৬.	ইউটিলিটি ফি (বিদ্যুৎ, পানি, গ্যাস ও টেলিফোন)	৫০০/-	৫০০/-
২৭.	সেমিনার ফি (৪ বছরের জন্য)	১৬০০/-	২২০০/-
	মোট	৫৩৪১/-	৬০৪১/-

এছাড়াও ব্যবহারিক পরীক্ষা ফি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতি পত্রে ১ দিনের জন্য ১৩০/- টাকা ও পরবর্তী দিনের জন্য ৭৫/- টাকা হারে এবং অভ্যন্তরীণ পরীক্ষা ফি (ইনকোর্স ও নির্বাচনী) ৪ ঘন্টা সময়ের পরীক্ষার জন্য প্রতি পত্রে ৫০/- টাকা এবং ৪ ঘন্টার কম সময়ের জন্য ৪০/- টাকা হারে প্রদান করতে হবে।


অধ্যক্ষ

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


১১/৩/২৪